গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ২৯/০৩/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৩০ তম সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ২৯ মার্চ ২০১৮ ; বিকাল ৩.০০ ঘটিকায় ।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু জরেন । সভাপতির অনুরোধক্রমে কমিটির সদস্য সচিব উপ-পরিচালক জনাব মোঃ আব্দুর রেজ্জাক বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয় । সভাপতি অত্র কমিটির সদস্য সচিব, উপ-পরিচালক জনাব মোঃ আব্দুর রেজ্জাক সম্প্রতি "উত্তরবঙ্গের ৭টি জেলায় বেকার যুবদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি প্রকল্পের" প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ প্রাপ্ত হওয়ায় তাঁকে অভিনন্দন জ্ঞাপন করেন এবং অত্র কমিটির সদস্য সচিব পদ হতে অব্যাহতি প্রদানে লক্ষ্যে মতামত প্রকাশ করেন। সভায় উপস্থিত আইসিটি শাখায় নবাগত সহকারী পরিচালক জনাব সালেহ্ উদ্দিন আহমেদ- কে স্বাগত জানানো হয় এবং তাকে কমিটির সদস্য সচিব হিসেবে সাচিবিক দায়িত্ব প্রদান করা হয়। একইসাথে ইনোভেশন টিম পূর্নগঠন করার সুপারিশ গৃহীত হয়। সভাকে অবহিত করা হয় যে, বিগত সভায় ৮টি সুপারিশ গৃহীত হয়েছিল । গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় জানা যায় যে, চলতি মাসেই মেন্টর ও মেন্টিগণের সমন্বয়ে দিন ব্যাপী কর্মশালা অনুষ্টিত হয়েছে এর অগ্রগতি বিষয়ে ক) জনাব ফরহাত নূর, উপপরিচালক জানান এক জন মেন্টির নিকট হতে তিনি কাঙ্খিত তথ্য পেয়েছেন খ) জনাব শাহীনুর রহমান, সহকারী পরিচালক জানান তিনি তিন জন মেন্টির নিকট হতে তথ্য পেয়েছেন গ) জনাব আতাউর রহমান, সহকারী পরিচালক জানান তিনি এক জন মেন্টির নিকট হতে তথ্য পেয়েছেন। সভাপতি আগামী ১৫ দিনের মধ্যে মেন্টিগণের উদ্যোগ বাস্তবায়ন বিষয়ক ছক (উপকরণ-১৩) সংগ্রহ এবং সেমাফিক কাজ করতে অনুরোধ জানান মেন্টরগণকে অধিকতর Active করার লক্ষ্যে ০৬/০২/২০১৮খ্রিঃ তারিখ কেবিনেটে অনুষ্ঠিত মেন্টরিং কর্মশালায় সারসংক্ষেপ তুলে ধরে সভাপতি বলেন যে, মেন্টরগণকে সক্রিয়ভাবে কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে মেন্টর প্রতি ০৪জন মেন্টি নির্ধারণ, মেন্টর ও মেন্টিদের সমন্বয়ে সভা আয়োজন, শো-কেসিং ওয়ার্কশপে মেন্টরিং কর্ণার রাখার বিষয়ে আলোচনা ও সুপারিশ গৃহীত হয়েছে।

২। সভাকে অবহিত করা হয় যে, বিগত সময়ে অধিদপ্তরের ৪টি সেবাকে সহজীকরণের জন্য বাছাই করে মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন করে এটুআইকে অবহিত করা হয়েছে। পরবর্তীতে ০৬/০২/২০১৮ তারিখে কেবিনেটে অনুষ্ঠিত সভা হতে বুঝা যায় সহজীকরণের জন্য বাছাইকৃত সেবাগুলো নাগরিক কেন্দ্রিক হওয়া প্রয়োজন। এ ক্ষেত্রে বাছাইকৃত ৪টি সেবার কোনটিই নাগরিক কেন্দ্রিক নয় বিধায়, যে সকল সেবাকে সহজীকরণের জন্য প্রশিক্ষণ আয়োজন স্থগিত রাখার বিষয়ে আলোচনা হয়।

৩। জনাব জিয়াউর রহমান, প্রশিক্ষক(ইলেক্ট্রনিক্স), সভাকে জানান যে, Social Media তে কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য প্রশাসন থেকে একটি মোবাইল ফোন সরবরাহ করা হয়েছে, এজন্য সভার পক্ষ হতে কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। চলতি মাসে যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের তথ্যচিত্র Facebook এ Upload করা হয়েছে । সেবা গ্রহীতার অসুবিধার কোন Post পাওয়া গেলে তা তাৎক্ষণিকভাবে সমাধান করা হচ্ছে । চলতি মাসেই গাজীপুর জেলার টংগীতে অবস্থিত কম্পিউটার প্রশিক্ষন কেন্দ্রে ইন্টারনেট সংযোগ না থাকায় প্রশিক্ষণ ক্লাশ যথাযথভাবে হচ্ছে না মর্মে একটি Post পাওয়া যায়, যা সুষ্ঠ সমাধানের লক্ষ্যে গাজীপুর জেলার উপপরিচালকের সাথে কথা বলে জানা যায় যে উক্ত কেন্দ্রে ইন্টারনেট সংযোগের ব্যবস্থা প্রধান কার্যালয় হতে করা হয় নাই। বাজেট তাৎক্ষণিকভাবে বিষয়টির সমাধান সম্ভব হয় নি, তবে সেখানে ইন্টারনেট সংযোগ খাতে অর্থ বরাদ্দ প্রদান করার জন্য অর্থ শাখাকে অনুরোধ খ) Facebook এ হিট সংখ্যা- ১০,০০০ এর উর্ধ্বে। গ) ই-লার্নিং এ হিট সংখ্যা- ২০,৫০০ এর জন। ঘ) ইউজার সংখ্যা- ১১,৪৮০ জন। ঙ) Facebook Page এর টেলিফোন মাধ্যমে যোগাযোগ করেছেন- ৩২ জন (নিয়োগ সংক্রান্ত)। এ প্রক্রিয়ায় ইতোপূর্বে ৩ টি গুরুত্বপূর্ণ সমস্যা সমাধান করা হয়েছে । সভাপতি দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড অধিক হরে প্রচারের উদ্যোগী হতে টিমের সদস্যদের অনুরোধ জানান।

৪। ইনোভেটরগণকে সম্মাননা প্রদানের লক্ষ্যে প্রণীত খসড়া নীতি তৈরী করা হলেও সেটিতে আরও কাজ করার অবকাশ রয়েছে । নীতিটিতে প্রয়োজনীয় সংশোধন সংযোজন করে দ্রুত কাজ করার তাগিদ থাকলেও তা যথাসময়ে শেষ না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় । আগামী ১৫ দিনের মধ্যে তা চুড়ান্ত করে ব্যবস্থা নিতে অনুরোধ জানানো হয়।

৫। সভায় জানানো হয় যে, SIF এর প্রাপ্ত অর্থ থেকে প্রশিক্ষণ আবেদন অনলাইনে প্রক্রিয়াকরণ এবং যুব সেবার বিষয়ে এ্যাপস তৈরীর লক্ষ্যে ৪৫ দিনের সময় দিয়ে কার্যাদেশ প্রদান করা হয়েছে।

৬। এপ্রিল'১৭ মাসে অধিদপ্তরে অনুষ্ঠিত ইনোভেশন শো-কেসিং কর্মশালার উদ্ভাবনী উদ্যোগ রেপ্লিকেশন সুপারিশ মোতাবেক প্রতিটি উপজেলায় একটি গ্রামকে বেকারমুক্ত করার লক্ষ্যে পরিকল্পনা শাখা হতে এ বিষয়ে প্রস্তুতকৃত খসড়া ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরন করায় জনাব সৈয়দ আব্দুল কাইয়ুম, উপ-পরিচালক (পরিকল্পনা) কে ধন্যবাদ জানানো হয়।

৭। জনাব মোঃ হামিদুর রহমান, উপ-পরিচালক সভাকে জানান যে, ঋণ সেবাকে ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে প্রণীত ঋণের ই-সার্ভিস সফটওয়্যারের মাধ্যমে কুমারখালীতে ৬টি এবং মানিকগঞ্জ সদর এ ১৮টি ঋণ প্রদান করা হয়েছে।

৮। গত ১১/০২/২০১৮খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় চীফ ইনোভেশন অফিসার কর্তৃক আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য গবেষণা ও উদ্ভাবন ৪৮২৯ কোডে প্রয়োজনীয় বরাদ্দ রাখতে দপ্তর/সংস্থাকে পরামর্শ প্রদান করা হয়েছে। সেলক্ষ্যে প্রশাসন ও অর্থ শাখাকে ইউ নোট প্রেরনের সুপারিশ গৃহীত হয়।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয়।

সুপারিশ :

০১। মেন্টরগণ কর্তৃক মেন্টিদের কাজের কর্মপরিকল্পনা উপকরণ-১৩ মাফিক আগামী ১৫ দিনে সংগ্রহ পূর্বক তা সময়ের মধ্যে বাস্তবায়ন করা;

০২। প্রাপ্ত এস আই এফ ফান্ডের মাধ্যমে সংগ্রহ যোগ্য সফটওয়্যার নির্দিষ্ট সময়ের মধ্যে সংগ্রহ নিশ্চিত ব্যবস্থা করা ;

০৩। সোসাল মিডিয়ায় প্রচার এবং ভুক্তভোগীদের সমস্যা সমাধান বিষয়ক তথ্য প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন এবং সেবা গ্রহীতাদের মতামত প্রতিপালিত হচ্ছে কিনা তা নিরূপন করা;

০৪। ইনোভেটরদের সম্মাননা প্রদানের খসড়া নীতি আগামী ১৫ দিনের মধ্যে সম্পন্ন করার ব্যবস্থা নেয়া;

০৫। যুব উন্নয়ন অধিদপ্তরের সেবা সহজীকরণের জন্য বাছাইকৃত ৪টি সেবা নাগরিক কেন্দ্রিক সেবা না হওয়ায় এ পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম না করা এবং তা এটুআই কে অবহিত করা;

০৬। ঋণের ই-সার্ভিস সফটওয়্যারটির পাইলটিং এর অগ্রগতি প্রতিমাসের সভায় পর্যালোচনা করা ;

০৭। আগামী ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য গবেষণা ও উদ্ভাবন ৪৮২৯ কোড সৃজন এবং এ কোডে বরাদ্দ রাখার জন্য প্রশাসন ও অর্থ শাখাকে সুপারিশ করা;

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬- ২৯ তারিখঃ ১৯/০৪/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। জনাব-- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। সংশ্লিষ্ট নথি।

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি) ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: kalim1964@gmail.com

পরিশিষ্ট "ক"

২৯/০৩/২০১৮ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মাসুদা আকন্দ উপ-পরিচালক(প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
২	জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপ-পরিচালক (প্রোগ্রামার)	স্বাক্ষরিত
৩	জনাব সৈয়দ আব্দুল কাইয়ুম উপ-পরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
৪	জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন উপ-পরিচালক (পরিকল্পনা)	স্বাক্ষরিত
৫	জনাব মোঃ হামিদুর রহমান উপপরিচালক (দাঃবিঃওঋণ)	স্বাক্ষরিত
৬	জনাব মোঃ আতাউর রহমান সহকারী পরিচালক (শৃংখলা)	স্বাক্ষরিত
৭	জনাব মোঃ শাহীনূর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
৮	মোঃ ফজলুল হক সহকারী পরিচালক	স্বাক্ষরিত
৯	জনাব মোঃ জিয়াউর রহমান প্রশিক্ষক (ইলেকট্রনিক্স), আইসিটি সেল।	স্বাক্ষরিত
১০	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	স্বাক্ষরিত